

“শেখ হাসিনার উদ্যোগ,
ঘরে ঘরে বিদ্যুৎ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানী উন্নয়ন কর্তৃপক্ষ(স্রেডা)
আইইবি ভবন (১১ তলা), রমনা, ঢাকা
www.sreda.gov.bd



নং: নং: ২৭.০২.০০০০.০২২.১৮.০০২.২২-৩২০

তারিখ: ০৫ ডিসেম্বর ২০২২ খ্রিঃ

জ্বালানী ব্যবস্থাপক সনদ প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণে অংশগ্রহণের বিজ্ঞপ্তি

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানী উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২ এবং জ্বালানী নিরীক্ষা প্রবিধানমালা, ২০১৮ অনুযায়ী দেশের বিদ্যুৎ ও জ্বালানীর বৃহৎ ব্যবহারকারী শিল্প-কলকারখানা ও বাণিজ্যিক স্থাপনায় জ্বালানীর দক্ষ ও শাস্ত্রীয় ব্যবহার নিশ্চিতকল্পে নিয়মিত তদারকি/জ্বালানী ব্যবস্থাপনার জন্য যথাযথ যোগ্যতাসম্পন্ন জ্বালানী ব্যবস্থাপক (Energy Manager) তৈরি করা স্রেডার একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম। এ প্রেক্ষিতে, স্রেডা ৪ দিন ব্যাপী প্রশিক্ষণ (৩দিন প্রশিক্ষণ এবং ১দিন মূল্যায়ন) কার্যক্রম পরিচালনা করতে যাচ্ছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে আবেদন আহবান করা হচ্ছে।

২. আগ্রহী প্রার্থীগণকে আগামি ৩১ ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইনে আবেদন সম্পন্ন করতে হবে।

অনলাইন আবেদন ফরমের লিংক: <https://forms.gle/Pikp7LpUzkDxNNgn6>

৩. জ্বালানী ব্যবস্থাপক সনদ প্রদানের লক্ষ্যে স্রেডা কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত যেকোনো যোগ্যতাসম্পন্ন ব্যক্তি আবেদন করতে পারবেন:

- ❖ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ইঞ্জিনিয়ারিং/ স্থাপত্য বিষয়ে স্নাতক ডিগ্রি;
- ❖ বিদ্যুৎ ও জ্বালানী সংক্রান্ত বিষয়ে অনূন্য ২ (দুই) বছরের কর্ম অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোন ভৌত বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রি;
- ❖ বিদ্যুৎ ও জ্বালানী সংক্রান্ত বিষয়ে অনূন্য ৩ (তিন) বছরের কর্ম অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত পলিটেকনিক ইন্সটিটিউট থেকে ইঞ্জিনিয়ারিং এবং স্থাপত্য বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি।

৪. স্রেডা কর্তৃক আয়োজিত এ প্রশিক্ষণে অংশগ্রহণের উপযুক্ততা ও প্রশিক্ষণের জন্য আসন সংখ্যা ইত্যাদি বিবেচনায় প্রাপ্ত আবেদনসমূহ স্রেডা কর্তৃক যাচাইয়ের মাধ্যমে যোগ্য প্রশিক্ষণার্থী মনোনীত/নির্বাচন করা হবে।

৫. নির্বাচিত প্রশিক্ষণার্থীদের তালিকা যথাসময়ে স্রেডা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৬. নির্বাচিত প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা দিতে হবে। ফি জমাদানের প্রক্রিয়া পরবর্তীতে যথাসময়ে ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

৭. চূড়ান্তভাবে মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ সেশনে অংশগ্রহণ ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে জ্বালানী ব্যবস্থাপক সনদ প্রদান করা হবে। উল্লেখ্য, প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে অনুত্তীর্ণ হলে, সেক্ষেত্রে তিনি ২ (দুই) হাজার টাকা ফি প্রদান সাপেক্ষে, পরবর্তী নিয়মিত ৩ (তিন) টি মূল্যায়ন পরীক্ষার মধ্যে সর্বোচ্চ ২ (দুই) বার উক্ত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবেন।

৮. প্রশিক্ষণসূচিসহ সংশ্লিষ্ট সকল বিষয়াদি যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং ই-মেইলের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের জানিয়ে দেয়া হবে।

৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই বিজ্ঞাপন বাতিল/প্রত্যাহারের অধিকার সংরক্ষণ করে।

স্বা/ =

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)

সহকারী পরিচালক (জ্বালানী নিরীক্ষা ও এক্রিডিটেশন)